গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম
ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal_citycollege_ctg@yahoo.com
ওয়েব সাইট : www.gccc.edu.bd.

## বিজ্ঞপ্তি

তারিখ ঃ ২৮/০৪/২০২২

২০২১সালের এসএসসি ও ২০২০ সালে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় শিক্ষা বৃত্তির জন্য দরখাস্ত আহবান করেছে।বৃত্তির আবেদনপত্র যথাযথভাবে পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আগামী ৩১/০৫/২০২২তারিখের মধ্যে অনলাইনে/ডাকযোগে/সরাসরি পরিচালক (আইআরপি),ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,৯ম তলা প্রবাসী কল্যাণ ভবন ,৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড,ইস্কাটন গার্ডেন,রমনা,ঢাকা পৌঁছাতে হবে ।

**ফরম প্রাপ্তির ঠিকানাঃ**

- অনলাইনে আবেদন লিংকঃ
  **http://stipen.wewb.gov.bd/stipend**
- সরাসরি আবেদন ফরম ঃ
  **www.wewb.gov.bd/www.bmet.chittagong.gov.bd**

28/08/2022

প্রফেসর ড.সুদীপা দত্ত
অধ্যক্ষ
সরকারি সিটি কলেজ,চট্টগ্রাম ।

শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
(www.wewb.gov.bd)

নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০০৩.২১(১১)- ২০৯

তারিখ: ১৮এপ্রিল ২০২২

### এসএসসি/সমমান- ২০২১ ও এইচএসসি/সমমান- ২০২০ ক্যাটাগরিতে "প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি" এর দরখাস্ত আহবান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২১ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিস্টার/বর্ষে) এবং ২০২০ সালে এইচএসসি/সমমান ক্যাটাগরিরতে বিশ্ববিদ্যালয়/মেডিকেল (১ম সেমিস্টার/বর্ষে) এ অধ্যায়নরত মেধাবী শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**শর্তাবলী:**

(১) যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-
(ক) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহণ করেছেন;
(খ) মৃত প্রবাসী কর্মীর ক্ষেত্রে মৃতের পরিবার এ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন।

(২) নিম্নের ছকে বর্ণিত শর্তসাপেক্ষে জিপিএ/সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থী আবেদন করতে পারবে-

| ক্রম | ক্যাটাগরি | বিভাগ | বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ/সিজিপিএ | |
|---|---|---|---|---|
| | | | প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে | মৃত প্রবাসী কর্মীর সন্তানের ক্ষেত্রে |
| ০১ | এসএসসি/সমমান | বিজ্ঞান বিভাগ | ৫.০০ | ৪.০০ |
| | | মানবিক ও বানিজ্য বিভাগ | ৪.৭৫ | ৪.০০ |
| ০২ | এইচএসসি/সমমান | বিজ্ঞান বিভাগ | ৪.৮০ | ৪.০০ |
| | | মানবিক ও বানিজ্য বিভাগ | ৪.৫০ | ৪.০০ |

(৩) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:
ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে প্রমাণক হিসাবে আনুষাঙ্গিক কাগজপত্রাদি, যেমন- পাসপোর্ট, ভিসা এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স সম্বলিত পাসপোর্টের কপি/ স্মার্টকার্ড অথবা বিদেশস্থ বাংলাদেশ মিশনের মাধ্যমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশীপ ;
খ) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি;
গ) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এসএসসি/সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি (কারিগরি শিক্ষার্থীর জন্য প্রযোজ্য);
ঘ) মৃত প্রবাসী কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দূতাবাস সনদ) এর ফটোকপি।

(৪) বৃত্তির পরিমাণ:
ক) *এসএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২(দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে* অধ্যায়নরতদের ০৪ (চার) বছর মাসিক ২,০০০/-(দুই হাজার) টাকা ও এইচএসসি/সমমান ক্যাটাগরিতে বিশ্ববিদ্যালয় (১ম সেমিস্টার/বর্ষে) ৪ বছর ও মেডিকেলের জন্য ৫ বছর মাসিক ২,৫০০/- টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না;
খ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ও শিক্ষা উপকরণসহ অন্যান্য আনুষাঙ্গিক খরচ বাবদ যথাক্রমে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) ও ৪,০০০/- (চার হাজার) টাকা প্রদান করা হবে।

(৫) আবেদনের প্রক্রিয়া:
ক) সকল শিক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের লিংক: http://stipen.wewb.gov.bd/stipend
খ) শুধুমাত্র এসএসসি/সমমান ক্যাটাগরিতে ডিপ্লোমা (কারিগরি শিক্ষাবোর্ড) এর শিক্ষার্থী সরাসরি/ডাকযোগে আবেদন করবে। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.wewb.gov.bd হতে বিনামূল্যে আবেদন ফরম সংগ্রহ করে সরাসরি আবেদন করতে পারবে। আবেদনের সাথে ক্রমিক নং- ৩ এ উল্লিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবে;
গ) অনলাইনে/সরাসরি আবেদনকারীর আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ৩১ মে ২০২২ তারিখের মধ্যে দাখিল করতে হবে। সরাসরি/ডাকযোগে আবেদনের ক্ষেত্রে আবেদন পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা ঢাকা-১০০০ বরাবর পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না;
ঘ) শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং তার মাতা/পিতার মোবাইল নম্বর অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

(৬) শুধুমাত্র এসএসসি/সমমান ক্যাটাগরিতে ডিপ্লোমা (কারিগরি বোর্ড) এর শিক্ষার্থী সরাসসি/ডাকযোগে আবেদন করবে। অন্যান্য ক্যাটাগরির শিক্ষার্থীরা অনলাইনে আবেদন করবে।

(৭) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(৮) যে কোন তথ্যের জন্য ২৪/৭ "প্রবাসবন্ধু কলসেন্টার" এর নম্বরসমূহ: ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০৮০০০১০২০৩০ (টোল ফ্রি), ০৯৬১০১০২০৩০ (বিদেশ থেকে) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১৮.০৪.২০২২
(আরিফ আহমেদ খান)
উপসচিব
পরিচালক (আইআরপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
(www.wewb.gov.bd)

পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত ছবি (প্রধান শিক্ষক/অধ্যক্ষ/ বিভাগীয় প্রধান কর্তৃক)

## এসএসসি/ সমমান পরিক্ষায় উত্তীর্ণ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষাবৃত্তির আবেদন ফরম-২০২০

১. আবেদনকারী ছাত্র/ছাত্রীর নাম (স্পষ্ট অক্ষরে) : বাংলায় :.................................................
ইংরেজি :.................................................
শ্রেণি/Level :...............................,রোল নম্বর :...............................
বিভাগ/গ্রুপ : ......................,বর্ষ/সেমিস্টারঃ......................,ছাত্র/ছাত্রীঃ..........

২. পিতার নাম (ইংরেজি) : ........................................ পদবী ........................................
৩. মাতার নাম (ইংরেজি) : ........................................পদবী ........................................
৪. অভিভাবকের নাম ও সম্পর্ক (পিতা/ মাতার অবর্তমানে) : নামঃ.................................................
সম্পর্কঃ...............................মোবাইলঃ...............................
৫. জন্ম তারিখ ও বয়স : তারিখঃ............/............../..................., বয়সঃ .......................... বছর ..........
৬. অধ্যয়নরত প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ফোন/মোবাইল নম্বর : .................................................
: .................................................
৭. প্রাপ্ত জিপিএ : .................................................
৮. বর্তমান ঠিকানা (ইংরেজি) : .................................................
.................................................
.................................................
৯. স্থায়ী ঠিকানা (ইংরেজি) : গ্রামঃ ..................................., ডাকঘরঃ ...................................
উপজেলা/থানাঃ..................................., জেলাঃ ...................................
১০. শিক্ষার্থীর মাতা/পিতার মোবাইল নম্বর : .................................................
১১. শিক্ষার্থীর মোবাইল নম্বর (যদি থাকে) :.................................................
১২. শিক্ষার্থীর পিতা/মাতার তথ্যাদি :

| ক্রম | পাসপোর্ট নম্বর | দেশের নাম | কর্মস্থলের নাম- ঠিকানা | ফোন/ই-মেইল |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | | | | |

সংযুক্তিঃ...........................
তারিখঃ...........................

.............................................
ছাত্র/ছাত্রীর স্বাক্ষর

(শিক্ষার্থীর অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক পূরণ করতে হবে)

প্রত্যয়ন করা যাচ্ছে যে, (শিক্ষার্থীর নাম) ..............................................., পিতা : ...............................................,
মাতা :............................................... প্রতিষ্ঠানের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী । সে বর্তমানে ............... শ্রেণি, রোল নম্বর : ..................
বিভাগ/গ্রুপ : ........................অধ্যয়নরত রয়েছে। আমার জানামতে সে উত্তম চরিত্রের অধিকারী এবং তার আচরন সন্তোষজনক।
১৩. প্রধান শিক্ষক/অধ্যক্ষ/ বিভাগীয় প্রধানের মোবাইল নম্বর............................................................।

শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর
(নামযুক্ত সীলসহ)

**বিঃ দ্রঃ ১) সকল ক্রমিক নম্বরে আবশ্যিকভাবে তথ্য প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্যাদি এবং চাহিদাকৃত কাগজপত্রাদি দাখিল করতে ব্যর্থ হলে আবেদন পত্র বাতিল করা হবে।**
**২) একজন প্রবাসী কর্মীর সর্বোচ্চ ০২ (দুই) সন্তানকে শিক্ষাবৃত্তি প্রদান করা হবে।**